গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের জুন ২০১৮ মাসের সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব শেখ মুজিবুর রহমান, যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩)। |
| তারিখ ও সময় | : | ১৯.০৬.২০১৮ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রশাসনে ইনোভেশনের গুরুত্ব তুলে ধরে বলেন, ইনোভেশন একটি চলমান প্রক্রিয়া। ইনোভেশনের মাধ্যমে স্বাস্থ্য সেবা আরো সহজতরভাবে মানুষের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব। টেকসই উন্নয়ন অভীষ্টগুলোতে পৌঁছাতে হলে মাঠ পর্যায়সহ দেশের সকল স্তরে প্রশাসনের ইনোভেশনর গুরুত্ব অপরিসীম। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্পগুলো বাছাই করে শোকেসিং এর ব্যবস্থা করার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহে নিয়মিত মাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ জানান।

০২. **গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) সভার কার্যবিবরণী পাঠ করেন। তিনি পরবর্তী ইনোভেশন সভার পূর্বে কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়নের অগ্রগতি সংশ্লিষ্ট বাস্তবায়নকারী কর্তৃপক্ষকে লিখিত আকারে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য করার অনুরোধ জানান। আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. **মাসিক সভা:** মো: আমিনুল ইসলাম, পরিচালক, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, অধিদপ্তর/দপ্তরসমূহকে নিয়মিত মাসিক ইনোভেশন সভা করতে ও সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহের ইনোভেশন সভা পর্যবেক্ষণের জন্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের চীপ ইনোভেশন অফিসার অথবা টিমের যে কোন সদস্যকে অংশগ্রহণের অনুরোধ জানান। জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) অধিদপ্তরসমূহকে নিজ উদ্যোগে সভার কার্যবিবরণী পর্যালোচনা করার অনুরোধ করেন।

০৪. **ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণঃ** জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তরসমূহের প্রতিনিধিগণ জানান ইনোভেশন সংক্রান্ত শুধুমাত্র ২ (দুই) দিনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। সভাপতি মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তরসমূহকে চলতি বছরের জন্য ২ (দুই) দিনের ও ৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহনের আহবান জানান। সভাপতি মহোদয় মানব সম্পদ বিভাগকে তৃতীয় অপারেশনাল প্লানে প্রশিক্ষণ খাতে অগ্রগতি ও অর্জন সংক্রান্ত প্রতিবেদন জানাতে নির্দেশনা প্রদান করেন।

০৫. **বিদেশ প্রশিক্ষণ:** জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) প্রত্যেকটি টিমকে বিদেশ প্রশিক্ষণের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা সম্পর্কিত প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে সচিব মহোদয়ের উপস্থিতিতে মাইক্রসফট পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপনের বিষয়ে অভিমত ব্যক্ত করেন। সভাপতি বিদেশ প্রশিক্ষণের শিক্ষণীয় বিষয় নিয়ে সমন্বয় সভায় আলোচনার জন্য এজেন্ডায় রাখতে প্রশাসন-৪ অধিশাখা-কে অনুরোধ জানান। সভাপতি মহোদয় বিদেশ প্রশিক্ষণের সরকারি আদেশসমূহ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য কম্পিউটার সেলে প্রেরণের জন্য বিশ্বস্বাস্থ্য অধিশাখাকে অনুরোধ জানান।

০৬. **রেপ্লিকেশনের অগ্রগতি:** সভাপতি "কমিউনিটিতে মা ও শিশু স্বাস্থ্য ব্যবস্থার মাধ্যমে মা ও শিশু মৃত্যুর হার কমানো" প্রকল্পটি দেশের ২৬ জেলা/উপজেলা ছাড়াও অন্যান্য জেলায় রেপ্লিকেশনের তাগিদ দেন এবং "সরকারি হাসপাতালে বহিঃ বিভাগে সেবা প্রদান সহজীকরণ" প্রকল্প দ্রুত রেপ্লিকেশনের স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

০৭. **শোকেসিং ওয়ার্কশপ:** সভাপতি জানান ৩৬টি প্রকল্প মন্ত্রণালয়ে জমা পড়েছে। এর মধ্য হতে শোকেসিং'র জন্য প্রকল্প বাছাই করতে হবে। সভাপতি যতদ্রুত সম্ভব শোকেসিং ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি উপসচিব (মনিটরিং ও সমন্বয়) কে সচিব মহোদয়ের সভাপতিত্বে স্বাস্থ্য সেবা বিভাগের অধীন অধিদপ্তর/দপ্তর প্রধান, ইনোভেশন টিমের সদস্য এবং ইনোভেটরদের সমন্বয়ে জুন-জুলাই, ২০১৮ মাসের মধ্যে তিনটি প্রকল্প বাছাই সভা আয়োজনের জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা প্রদান করেন। উক্ত সভায় ইনোভেটরগণ তাদের প্রকল্পগুলোর কার্যক্রম উপস্থাপন করবেন।

০৮. **মাঠ পর্যায়ে ইনোভেশন পাইলট সমূহের অগ্রগতি:** সভাপতি মহোদয় মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্পের অগ্রগতি জানার জন্য পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। তিনি প্রশাসন-৪ কে মাঠ পর্যায়ের ইনোভেশন প্রকল্প পরিদর্শনের জন্য কর্মকর্তা নির্বাচন করতে অনুরোধ জানান।

০৯. **মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের ডাটাবেজ (Database) তৈরি:** সিস্টেম এনালিস্ট জনাব আহমেদ লতিফুল হোসেন কর্মকর্তা/কর্মচারীদের Database তৈরির ফরমেট অনুমোদন হয়েছে, কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংগ্রহের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। দ্রুত Database তৈরি করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১০. **হেল্প ডেস্ক চালু:** সভাপতি দর্শনার্থীদের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ে একটি হেল্প ডেস্ক চালুর ব্যবস্থা করতে অনুরোধ জানান। তিনি অফিসারগণের নাম, পদবী ও কক্ষ নং সম্মিলিত অনুবিভাগ ভিত্তিক তালিকা বোর্ড তৈরির অগ্রগতি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে জনাব মোঃ কায়েসুজ্জামান, উপসচিব (মনিটরিং ও সমন্বয়) জানান যতদ্রুত সম্ভব ভেন্ডরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে মর্মে জানান। সভাপতি মহোদয় নির্দেশনা বোর্ড ৩ (তিন) নম্বর বিল্ডিং এর ৪র্থ ও ৩য় তলায় এবং ক্লিনিক ভবনে স্থাপনের জন্য অনুরোধ করেন।

১১. সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১১.১ | স্বাস্থ্য সেবা বিভাগের অধীন দপ্তরসমূহকে প্রতিমাসে নিয়মিত ইনোভেশন সংক্রান্ত মাসিক সভা করতে হবে এবং কার্যবিবরণী নিয়মিতভাবে মন্ত্রণালয়ের প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণ করতে হবে। | অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১১.২ | মন্ত্রণালয়ের মাসিক ইনোভেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের অগ্রগতি প্রশাসন-৪ কে জানাতে হবে। | অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১১.৩ | অধিদপ্তরসমূহের ইনোভেশন সভা পর্যবেক্ষণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন)/ প্রশাসন-৪ |
| ১১.৪ | মন্ত্রণালয় ও অধিদপ্তরসমূহকে স্ব উদ্যোগে কার্যবিবরণী পর্যালোচনা করতে হবে। | সংশ্লিস্ট দপ্তরসমূহ |
| ১১.৫ | বিদেশ প্রশিক্ষনের শিক্ষণীয় বিষয় নিয়ে আলোচনার জন্য সমন্বয় সভায় এজেন্ডা রাখতে হবে; বিদেশ প্রশিক্ষণের সরকারি আদেশসমূহ ওয়েবসাইটে প্রকাশ করার জন্য কম্পিউটার সেলে প্রেরণ করতে হবে। | প্রশাসন/বিশ্বস্বাস্থ্য-১ |
| ১১.৬ | মন্ত্রণালয় ও অধিদপ্তরকে প্রতি অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনা অনুসারে ০২ (দুই) ও ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ/ অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১১.৭ | প্রত্যেকটি টিমকে বিদেশ প্রশিক্ষণের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা সম্পর্কিত প্রতিবেদন ১৫ (পনের) দিনের মধ্যে সচিব মহোদয়ের উপস্থিতিতে মাইক্রসফট পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করতে হবে। | মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা |
| ১১.৮ | বিগত ০৫ (পাঁচ) বছরে মানবসম্পদ বিষয়ক অপারেশন প্ল্যানে প্রশিক্ষণ খাতে কত টাকা ব্যয় হয়েছে, কতজনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে, কি অর্জন/অগ্রগতি হয়েছে, আগামী ০৫ (পাঁচ) বছর কত ব্যয় হবে তা উল্লেখ করতে হবে। | মানব সম্পদ অধিশাখা |
| ১১.৯ | ইনোভেটরদের সমন্বয়ে জুন-জুলাই, ২০১৮ মাসের মধ্যে তিনটি প্রকল্প বাছাইয়ের জন্য সভা আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ অধিশাখা |

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১১.১০ | আগস্ট, ২০১৮ মাসের মধ্যে শোকেসিং ওয়ার্কশপের জন্য সচিব মহোদয়, মহাপরিচালকগণ ও ইনোভেটরদের সমন্বয়নে সভা আয়োজন করতে হবে। | উপসচিব (প্রশাসন-৪)/অধিদপ্তর/দপ্তরসমূহ |
| ১১.১১ | সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ-কে মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ মানব সম্পদ (Human Resource) সংক্রান্ত ডাটাবেজ সফটওয়্যার (Database Software) প্রস্তুত করতে হবে; মানব সম্পদ অধিশাখাকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। | সিস্টেম এনালিস্ট/মানব সম্পদ বিভাগ |
| ১১.১২ | দর্শনার্থীদের সেবা সহজীকরণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগের আওতায় একটি হেল্প ডেস্ক গঠন করতে হবে। | প্রশাসন-১ ও প্রশাসন-২ |
| ১১.১৩ | কর্মকর্তাদের নাম, পদবী, অনুবিভাগ ভিত্তিক শাখা/অধিশাখার নাম ও রুম নম্বর সম্বলিত নির্দেশিকা বোর্ড তৈরী করে ৩নং ভবন এর ৩য় ও ৪র্থ তলা এবং ক্লিনিক ভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | প্রশাসন-১ ও প্রশাসন-২ |
| ১১.১৪ | মাঠ পর্যায়ে ইনোভেশন প্রকল্পগুলো নিয়মিত পরিদর্শনের জন্য প্রতিমাসে যে কোন ১ (এক) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করতে হবে। | ইনোভেশন টিম, মন্ত্রণালয়/ সকল অধিদপ্তর/দপ্তরসমূহ |

১২. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত: ০১.০৭.১৮
(শেখ মুজিবুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ

স্মারক নং- ৪৫.১৪১.০৯৩.০০.০০.০০৮.২০১৬-১৮৬

তারিখঃ ১৮ আষাঢ় ১৪২৫ / ০২ জুলাই ২০১৮

সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রশাসন-৪ অধিশাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হল:

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
২. উপসচিব, মানবসম্পদ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপসচিব (ক্রয় ও সংগ্রহ-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৪. উপসচিব, প্রশাসন-৩ (কাউন্সিল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।
৫. উপসচিব, নার্সিং-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৬. ইনোভেশন অফিসার, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৭. ইনোভেশন অফিসার, চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৮. উপপ্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৯. ইনোভেশন অফিসার (স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর), মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. ইনোভেশন অফিসার (নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/ স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/টেমো), ঢাকা।

**সদয় অবগতি ও কার্যার্থে:**

১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাপকম, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২. যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসারের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাপকম, ঢাকা।

02/07/2018

(ড. বিলকিস বেগম)
উপসচিব
ফোন: ৯৫৪০৩৬২
ই-মেইল: monitor@mohfw.gov.bd

D:\ADMIN-4\inovation 001 2016 (45 141 093 00 00 008 2016)\Letter docx